সংবাদ

তারিখ 22 AUG 2007
পৃষ্ঠা ৯ কলাম ৪

# জটিলতা : যশোরে শতাধিক মাধ্যমিক স্কুলে প্রধান শিক্ষক নেই

যশোর অফিস

যশোরের শতাধিক বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে বছরের পর বছর প্রধান শিক্ষক নেই। এ কারণে বিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কাজে নানা জটিলতা সৃষ্টি হচ্ছে। নিয়োগ সংক্রান্ত জটিলতার কারণে এসব শূন্য পদে নিয়োগ সম্ভব হচ্ছে না।

শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, যশোরে ৪৫২টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্য শতাধিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। অনেক স্কুলে আট-দশ বছর কোন প্রধান শিক্ষক নেই। আবদুল বারি বহুমুখী উচ্চ বিদ্যালয়, নতুন খয়েরতলা হাই স্কুল, হাশিমপুর মাধ্যমিক বিদ্যালয়, কাশিমপুর উচ্চ বিদ্যালয়, তালবাড়িয়া উচ্চ বিদ্যালয়, ইসলামিয়া বালিকা বিদ্যালয়, আমবটতলা মাধ্যমিক বিদ্যালয়, রুদ্রপুর হাই স্কুল, মাহমুদুর রহমান মাধ্যমিক বিদ্যালয়, সলুয়া মাধ্যমিক বিদ্যালয়, আদর্শ মাধ্যমিক বিদ্যালয়সহ শুধু সদর উপজেলার ২৫টি হাইস্কুলে প্রধান শিক্ষক নেই।

বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ সরাসরি নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে পূরণ করা হয়। এ ক্ষেত্রে সহকারী প্রধান শিক্ষকের পদ থেকে প্রধান শিক্ষক পদে প্রমোশনের কোন বিধান নেই। প্রধান শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী প্রার্থীকে কমপক্ষে স্নাতকসহ বিএডধারী তিন বছরের অভিজ্ঞতাসম্পন্ন সহকারী প্রধান শিক্ষক হতে হবে এবং একটির বেশি তৃতীয় শ্রেণী থাকতে পারবে না বলে এক প্রজ্ঞাপন জারি করা হয়।

এ প্রসঙ্গে জেলা শিক্ষক সমিতির নেতৃবৃন্দ জানান, ২০০০ সালের আগে এই প্রজ্ঞাপন জারির পর প্রধান শিক্ষক নিয়োগের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হয়েছে।